গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgme.gov.bd

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৭.০১.০০১.২৩. ৮১৭ তারিখ-৩১/১০/২০২৩খ্রি:

বিষয়- "আয়কর আইন, ২০২৩" অনুযায়ী গণকর্মচারীর আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আয়কর আইন, ২০২৩ এ গণকর্মচারীর বেতন গ্রেড নির্বিশেষে সকলে আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

- আয়কর আইনের ১৬৬(গ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি গণকর্মচারী হলে তিনি রিটার্ন দাখিল করবেন।
- আয়কর আইনের ২৬৪(৩) ২৭ ধারা অনুযায়ী গণকর্মচারীর বেতন ভাতাদি প্রাপ্তিতে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করতে হবে।
- আয়কর আইনের ১৬৭(১) ধারা অনুযায়ী সকল গণকর্মচারী আবশ্যিকভাবে পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করবেন।
- আয়কর আইনের ৮৬ (৩) ধারা অনুযায়ী কোন সরকারী কর্মকর্তা আয়নকারী ও ব্যয়নকারী কর্মকর্তা (ডিডিও) হিসাবে কার্য সম্পাদন করিয়া বা সরকার বা অন্য কোন কর্তৃপক্ষের নিকট হইতে "চাকরি হইতে আয়" উত্তোলন করিবার জন্য নিজের বা অন্য কোন সরকারী অধীনস্তের বিল প্রস্তুত বা স্বাক্ষর করিয়াছেন, সেইক্ষেত্রে তিনি উক্ত বিল তৈরি বা স্বাক্ষরের সময়, উক্ত আয়বর্ষের জন্য প্রদেয় বার্ষিক বেতন যদি কর সীমা অতিক্রম করে, তাহা হইলে উক্ত আয়বর্ষের আনুমানিক মোট আয়ের জন্য প্রযোজ্য করের গড় হারে কর কর্তন করিবেন।

অর্থাৎ গণকর্মচারী মাত্রই তাঁকে আয়কর রিটার্ন দাখিল এবং প্রযোজ্য ক্ষেত্রে বেতন হতে উৎসে কর কর্তন করতে হবে।

এ প্রেক্ষিতে আপনার কার্যালয়ে কর্মরত সকল গণকর্মচারীকে ই-টিন সংগ্রহ পূর্বক ৩০ নভেম্বর ২০২৩ খ্রি: এর মধ্যে আয়কর রিটার্ন দাখিলের বিষয়টি অ করানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

সংযুক্ত: ০৬ (ছয়) পাতা।

31.10.2023

ডা. মো. জাহাঙ্গীর রশীদ
পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা
+৮৮০২৪১০৮২৫০৬
dgmebd107@gmail.com

31.10.23

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
অধ্যক্ষ, মেডিকেল কলেজ (সকল)
অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ
পরিচালক, সেন্টার ফর মেডিকেল এডুকেশন, ঢাকা
অধ্যক্ষ, ইনস্টিটিউট অব হেলথ টেকনোলজি (সকল)
অধ্যক্ষ, মেডিকেল এ্যাসিসটেন্ট ট্রেনিং স্কুল (সকল)
অধ্যক্ষ, সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ, ঢাকা/সিলেট
অধ্যক্ষ, সরকারি হোমিওপ্যাথিক মেডিকেল কলেজ, ঢাকা
উপ-পরিচালক, যক্ষা নিয়ন্ত্রন ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, শ্যামলী, ঢাকা
তত্ত্বাবধায়ক, যক্ষা নিয়ন্ত্রন হাসপাতাল ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁনখারপুল, ঢাকা

স্মারক নং-৫৯.১৪.০০০০.১০৭.০১.০০১.২৩. ৮১৭ তারিখ-৩১/১০/২০২৩

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
১। মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
২। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর (আপনার নিয়ন্ত্রনাধীন সকল গণকর্মচারীকে অবগত করার অনুরোধসহ)।

31.10

ডা. মো. জাহাঙ্গীর রশীদ
পরিচালক (আর্থিক ব্যবস্থাপনা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী,

10.23

"আমরা বদলে যাবো
আমরা বদলে দেবো"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-বরিশাল
কর ভবন, ক্লাব রোড, বরিশাল
www.tax.barisal.gov.bd

"অতীব জরুরী"

নথি নং- কঅবরি/৮এম-১(প্রশাসন)/২০২৩-২০২৪/৬৪৮

তারিখঃ ২৫ আশ্বিন, ১৪৩০ ব.
১০ অক্টোবর, ২০২৩ খ্রি.

বরাবর,
কর কমিশনারের কার্যালয়
পরিদর্শী রেঞ্জ-১/২/৩/৪ ও
সকল সার্কেল অফিসসমূহ
কর অঞ্চল-বরিশাল।

**বিষয়ঃ "আয়কর আইন-২০২৩" অনুযায়ী গণকর্মচারীর আয়কর রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

জাতীয় রাজস্ব আহরণে সার্বিক সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

আপনি অবগত আছেন যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাংলায় প্রণীত "আয়কর আইন-২০২৩" ১লা জুলাই ২০২৩ হতে কার্যকর হয়েছে। ইতোপূর্বে গণকর্মচারীদের নির্দিষ্টকৃত মূল বেতনের ভিত্তিতে আয়কর রিটার্ন দাখিলের নিয়ম থাকলেও বর্তমান আয়কর আইন-২০২৩ এ গণকর্মচারীর বেতন গ্রেড নির্বিশেষে সকলের আয়কর রিটার্ন দাখিল বাধ্যতামূলক করা হয়েছে।

- আয়কর আইনের ১৬৬(গ) ধারা অনুযায়ী কোন ব্যক্তি গণকর্মচারী হলে তিনি রিটার্ন দাখিল করবেন।
- আয়কর আইনের ২৬৪(৩) ২৭ ধারা অনুযায়ী গণকর্মচারীর বেতন ভাতাদি প্রাপ্তিতে রিটার্ন দাখিলের প্রমাণ দাখিল করতে হবে।
- আয়কর আইনের ১৬৭ (১) ধারা অনুযায়ী সকল গণকর্মচারী বাধ্যতামূলকভাবে পরিসম্পদ ও দায়ের বিবরণী দাখিল করবেন। **অর্থাৎ গণকর্মচারী মাত্রই তাঁকে আয়কর রিটার্ন দাখিল করতে হবে।**

এ প্রেক্ষিতে আপনার কার্যালয়ে কর্মরত সকল গণকর্মচারীকে ৩০ নভেম্বর ২০২৩ খ্রি. (নতুন ব্যক্তি করদাতার ক্ষেত্রে ৩০ জুন ২০২৪) এর মধ্যে আয়কর রিটার্ন দাখিলের বিষয়টি অবগত করানোর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধ জানাচ্ছি।

গণকর্মচারী হিসেবে সরকারের প্রণীত আইন পরিপালন এবং দেশের অভ্যন্তরীণ উৎস হতে রাজস্ব সংগ্রহ বৃদ্ধির লক্ষ্যে আপনার ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

১০/১০/২৩

(মো. সারোয়ার হোসেন চৌধুরী)
কর কমিশনার (চ:দা:)
কর অঞ্চল-বরিশাল।

সাধারণভাবে, মোট আয়ের উপর করহারের তফসিল অনুযায়ী করহার প্রয়োগ করে একজন করদাতার মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ নিরূপণ করা হয়। উদাহরণস্বরূপ, ২০২৩-২০২৪ করবর্ষে একজন পুরুষ করদাতার মোট আয়ের পরিমাণ ৫০,০০,০০০ টাকা হলে তার মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

| মোট আয় | করহার | করের পরিমাণ (৳) |
|---|---|---|
| প্রথম ৩,৫০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ৫% | ৫,০০০ |
| পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৩০,০০০ |
| পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ১৫% | ৬০,০০০ |
| পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ২০% | ১,০০,০০০ |
| অবশিষ্ট ৩৩,৫০,০০০ এর উপর | ২৫% | ৮,৩৭,৫০০ |
| ৫০,০০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ | | ১০,৩২,৫০০ |

করদাতা যদি মহিলা করদাতা হন অথবা ৬৫ বছর বা তদুর্ধ্ব বয়সের করদাতা হন তাহলে মোট আয়ের উপর আরোপযোগ্য আয়করের পরিমাণ হবে নিম্নরূপ:

| মোট আয় | করহার | করের পরিমাণ (৳) |
|---|---|---|
| প্রথম ৪,০০,০০০ টাকা পর্যন্ত মোট আয়ের উপর | শূন্য | শূন্য |
| পরবর্তী ১,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ৫% | ৫,০০০ |
| পরবর্তী ৩,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ১০% | ৩০,০০০ |
| পরবর্তী ৪,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ১৫% | ৬০,০০০ |
| পরবর্তী ৫,০০,০০০ টাকা পর্যন্ত আয়ের উপর | ২০% | ১,০০,০০০ |
| অবশিষ্ট ৩৩,০০,০০০ এর উপর | ২৫% | ৮,২৫,০০০ |
| ৫০,০০,০০০ টাকার উপর মোট আয়করের পরিমাণ | | ১০,২০,০০০ |